রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৪ সনের ৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৫, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১৭—১২২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৯৭—২৩১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৯—২১৯ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪৩০/২১ নভেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৭৭.২৩-৪৭৪—যেহেতু, জনাব কিরণ কুমার রায় (বিপি-৭৭০২০২৮৬৫৬), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), বর্তমানে ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় কর্মরত ইতঃপূর্বে পুলিশ পরিদর্শক (তদন্ত), পাঁচবিবি থানা, জয়পুরহাট জেলায় কর্মরত থাকাকালে বিজিবি কর্তৃক ২ (দুই) কেজি ওজনের ২ (দুই)টি স্বর্ণের বার আটকের ঘটনায় রুজুকৃত বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ এর ২৫বি(১)(এ) ধারার মামলা রুজুর সময় বাদীর এজাহার গর্ভের ২ (দুই) জন পলাতক আসামিকে মামলার এফআইআর এর আসামির কলামে অন্তর্ভুক্ত করেননি। উল্লিখিত মামলার তদন্তকারী অফিসার কর্তৃক দাখিলকৃত ত্রুটিপূর্ণ অভিযোগপত্রের বিষয়টি অবগত হয়েও তিনি ত্রুটি-বিচ্যুতি সংশোধনের উদ্যোগ না নিয়ে অসৎ উদ্দেশ্য প্রণোদিত হয়ে অভিযোগপত্র অগ্রবর্তী করেন। তার এ ধরনের কর্মকাণ্ডের দ্বারা সরকারি দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা উদাসীনতা ও পেশাগত অদক্ষতা প্রমাণিত হয়েছে মর্মে বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন। নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব কিরণ কুমার রায়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(ক) মোতাবেক গুরুদণ্ড হিসেবে "০৩(তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ০৭-১১-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার অভিযোগ অস্বীকারের বিষয়টি গ্রহণযোগ্য নয়; এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়; এবং

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

০৪। সেহেতু, জনাব কিরণ কুমার রায় (বিপি-৭৭০২০২৮৬৫৬), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), বর্তমানে ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় কর্মরত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে পুলিশ অধিদপ্তর কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) মোতাবেক ০৩ (তিন) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" এর দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদন্ডের আদেশ প্রদান করা হলো। এছাড়াও তিনি গত ২৭-১১-২০১৯ তারিখ থেকে ২৭-১২-২০২১ তারিখ পর্যন্ত চাকরি হতে সাময়িক বরখাস্ত ছিলেন। তার সাময়িক বরখাস্তকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে এবং তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪৩০/২২ নভেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৮.২৩-৪৮৪—যেহেতু, জনাব মোঃ মনির হোসেন (বিপি-৬৮৯৫০৩৭৯৫৭), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-১, ঢাকায় কর্মরত ইতঃপূর্বে সিআইডি, ফরিদপুর জেলায় কর্মরত থাকাকালীন ০১-০১-২০১৮ তারিখ হতে ৩১-১২-২০১৮ তারিখ পর্যন্ত তার নিকট তদন্তাধীন ১১টি জিআর মামলার মধ্যে ০৩টি জিআর মামলা নিষ্পত্তি করেছেন তন্মধ্যে ০১টি হত্যা, ০২টি প্রতারণা মামলা। সিআইডি'র উদ্ধর্তন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক বৎসরে ০৭টি মামলা নিষ্পত্তি করার টার্গেট থাকলেও তিনি টার্গেট পূরণে ব্যর্থ হয়েছেন। এছাড়া ২০১৯ সালে তার নিকট তদন্তাধীন ১১টি মামলার মধ্যে ১ম কোয়ার্টারের টার্গেট অনুযায়ী ০২টি জিআর মামলা নিষ্পত্তি করার নির্দেশ থাকলেও তিনি ০১টি জিআর মামলা নিষ্পত্তি করেছেন। তিনি মামলা নিষ্পত্তির টার্গেট পূরণে ব্যর্থ হয়েছেন। তার নিকট তদন্তাধীন মামলাসমূহের অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য সিআইডি, ফরিদপুর বিভাগের স্মারক নং-৯২৫/১(২১) তারিখ : ১৫-১০-২০১৮ মূলে পত্র প্রেরণ করা হলে তিনি কোন অগ্রগতি প্রতিবেদন দাখিল করেননি, যা তার দায়িত্ব কর্তব্যে অবহেলা, অদক্ষতা ও অপেশাদারীত্ব প্রতীয়মান হওয়ায় মহাপরিচালক, র‍্যাব কর্তৃক তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে "০২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ০৭-১১-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দন্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার অভিযোগ অস্বীকারের বিষয়টি গ্রহণযোগ্য নয়; এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ মনির হোসেন (বিপি ৬৮৯৫০৩৭৯৫৭), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-১, ঢাকায় কর্মরত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে মহাপরিচালক, র‍্যাব কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ঘ) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদন্ডের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪৩০/০৬ ডিসেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১২.২৩-৫১২—যেহেতু, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ শাহাদাত হোসেন খান (বিপি-৬৬৯০০০৯১৫৮), বর্তমানে গাজীপুর জেলায় কর্মরত ইতঃপূর্বে রাজশাহীর রাজপাড়া থানার অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালে ০৫-০৩-২০২০ তারিখে অভিযোগকারী জনাব লিয়াকত আলী, এ্যাডভোকেট, জজ কোর্ট রাজশাহী এর সাথে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে জনৈক মোঃ হাসিবুর রহমান এর সাথে মারামারির ঘটনা সংগঠিত হয়। তাৎক্ষণিক উর্ধ্বতন কর্তৃপক্ষ ঘটনাস্থল পরিদর্শন করেন এবং ঘটনা সংক্রান্তে উভয় পক্ষকে শুনে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত অফিসার ইনচার্জ, রাজপাড়া থানাকে নির্দেশনা প্রদান করেন। কিন্তু তিনি একপক্ষ তথা জনৈক মোঃ হাসিবুর রহমান এর অভিযোগটি গ্রহণ করে থানায় মামলা রুজু করেন এবং অপর পক্ষ তথা অভিযোগকারী এ্যাডভোকেট জনাব লিয়াকত আলীকে উক্ত মামলায় গ্রেপ্তার করে বিজ্ঞ আদালতে প্রেরণ করেন। পরে অভিযোগকারী এ্যাডভোকেট জনাব লিয়াকত আলী জামিনে মুক্ত হয়ে বিজ্ঞ আদালতে নালিশ করলে আদালত অভিযোগটি আমলে নিয়ে রাজপাড়া থানার অফিসার ইনচার্জকে মামলা রুজুর নির্দেশ প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে অফিসার ইনচার্জ নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ শাহাদাত হোসেন খান মামলা রুজু ও তদন্তের ব্যবস্থা গ্রহণ করেছেন। এক্ষেত্রে তিনি ডিসি ও সার্কেল এএসপি'র নির্দেশনার সঠিক প্রতিপালন না

করে উদ্ধর্তন কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন। যা তার কর্তব্যে অবহেলা প্রতীয়মান হওয়ায় পুলিশ অধিদপ্তর কর্তৃক তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে "তিরস্কার" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হতে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ২৩-১১-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ শাহাদাত হোসেন খান (বিপি-৬৬৯০০০৯১৫৮), বর্তমানে গাজীপুর জেলায় কর্মরত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" লঘুদণ্ডের আদেশ বহাল রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০/০৫ ডিসেম্বর ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৬১৮**—আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সারাদেশে 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬' এর ৩১ (ক) অনুচ্ছেদে বর্ণিত লাইসেন্স নবায়নের সময়সীমা শুধুমাত্র ২০২৩ সালের লাইসেন্স নবায়নের জন্য ৩১ ডিসেম্বর ২০২৩ এর পরিবর্তে ১৫ জানুয়ারি ২০২৪ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইসরাত জাহান**
উপসচিব।

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০/২৮ নভেম্বর ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-১৫৭১**—নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার মামলা নং-০৯, তারিখ:-০৫-০২-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০/২৭ নভেম্বর ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-১৫৭২**—কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম থানার মামলা নং-০৮, তারিখ:-২৭-১২-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-১৫৭৩**—ঢাকা জেলার মোহাম্মদপুর থানার মামলা নং-১৬৩(১১)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-১৫৭৪**—ঢাকা জেলার ভাটারা থানার মামলা নং-৬১(১১)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(উ)/৮/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-১৫৭৫**—বগুড়া জেলার শিবগঞ্জ থানার মামলা নং-১৭, তারিখ:-১৯-০১-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৮/১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-১৫৭৬**—রাজশাহী জেলার পুঠিয়া থানার মামলা নং-২০, তারিখ:-২২-০৫-২০২৩ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**পার-৩ শাখা**

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নং ৫৯.০০.০০০০.১১১.৯৯.০০৩.১৯-১৯৮**—মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১০১৯০/২০১৬ লিভ টু আপিল মামলা নং-৯১/২০১৮ এবং সিভিল রিভিউ পিটিশন নং-২১৯/২০১৮ রায় এর আদেশ এবং স্বাস্থ্য অধিদপ্তরের ২১-১০-২০০৯ খ্রিঃ তারিখের স্বাস্থ্য/হে:দে:চি:/২০০২/অনারারি/৯৫/৬৭৪৪/১(৩) নং-স্মারক ও ২৯-১২-২০০৯ খ্রিঃ তারিখের স্বাস্থ্য/হে:দে:চি:/২০০২/অনারারি/৯৫/৬৮৩৭/১(৩) নং-স্মারকে নিয়োগ প্রাপ্ত এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১-০৩-২০২১ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১৫.০২০.১৮-৬১ নং স্মারক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১০-১১-২০২১ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১০৭.১৫.০০১.২১-৩২ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ০৭-০২-২০২২ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৫৬.১৫.০০২.২২-১৪১ নং স্মারক, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের ২৬-০৬-২০২২ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৪৩.১৫২.২১.-১৩২ নং স্মারক এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২০-০৯-২০২৩ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৯.০৪.২৭.২৩-১০৬ নং পত্রের অনুবৃত্তিক্রমে নিম্নবর্ণিত ১১ (এগার) জন অনারারি/অবৈতনিক শিক্ষকদের নামের বিপরীতে প্রভাষক পদে 'সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬' এর গেজেট প্রণয়নের তারিখ অর্থাৎ ১২-০৫-২০১৬ খ্রিঃ হতে সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকায় ভূতাপেক্ষভাবে আত্তীকরণ করা হ'ল:

| ক্রমিক | নাম | জন্ম তারিখ | পদের নাম | বিষয় | বেতনস্কেল ও গ্রেড (জা.বে.স্কে, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ০১ | ইমরুল কায়েস<br>পিতা-মোঃ আ: হাকিম | ০১-০৯-১৯৭১ খ্রিঃ | | হোমিওপ্যাথিক ফার্মেসী | |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান সিদ্দিকী<br>পিতা-মোঃ লুৎফর রহমান সিদ্দিকী | ০৩-০৩-১৯৭২ খ্রিঃ | প্রভাষক | মনোবিজ্ঞান | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |

| ক্রমিক | নাম | জন্ম তারিখ | পদের নাম | বিষয় | বেতনস্কেল ও গ্রেড (জা.বে.স্কে, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ০৩ | মোঃ মসিউজ্জামান<br>পিতা-কামিজ উদ্দিন আহমেদ | ১৭-১২-১৯৭২ খ্রিঃ | প্রভাষক | হোমিওপ্যাথিক ফিলোসফি ও নিয়মনীতি | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ০৪ | মুহাম্মদ শরীফুল হক<br>পিতা-মুহাম্মদ এমদাদুল হক | ২৫-১২-১৯৭৮ খ্রিঃ | প্রভাষক | হোমিওপ্যাথিক ফিলোসফি ও নিয়মনীতি | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ০৫ | নূরে আলম রাসেল<br>পিতা-মুখলেছুর রহমান | ১৭-১২-১৯৭৯ খ্রিঃ | প্রভাষক | ব্যবহারিক হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ০৬ | মোঃ রাশেদুল আরেফিন<br>পিতা-মোঃ আব্দুর রাজ্জাক | ২১-১২-১৯৭৯ খ্রিঃ | প্রভাষক | ব্যবহারিক হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ০৭ | মোহাম্মদ শাহী এমরান হোসেন<br>পিতা-মুহাম্মদ ইলিয়াছ মিয়া | ৩০-১০-১৯৭৫ খ্রিঃ | প্রভাষক | মনোবিজ্ঞান | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ০৮ | নরোত্তম দেবনাথ<br>পিতা-গোপাল চন্দ্র দেবনাথ | ১৬-০৮-১৯৭১ খ্রিঃ | প্রভাষক | ক্রনিক ডিজিজ, কেস টেকিং ও হোমিওপ্যাথিক রেপার্টারাইজেশন | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ০৯ | মোঃ সেলিমুর রহমান<br>পিতা-মোঃ খালেক হোসেন | ১৭-১১-১৯৭২ খ্রিঃ | প্রভাষক | ক্রনিক ডিজিজ, কেস টেকিং ও হোমিওপ্যাথিক রেপার্টারাইজেশন | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ১০ | অশোক কুমার বিশ্বাস<br>পিতা-চিত্ত রঞ্জন বিশ্বাস | ০৭-১১-১৯৭৩ খ্রিঃ | প্রভাষক | হোমিওপ্যাথিক ফার্মেসী | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |
| ১১ | আনোয়ার এইচ বিশ্বাস<br>পিতা-মোঃ আবুল হোসেন বিশ্বাস | ১৬-০৫-১৯৭৫ খ্রিঃ | প্রভাষক | কমিউনিটি মেডিসিন | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড |

শর্তাবলী:

(১) অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক নিয়োগবিধি প্রণয়নের তারিখ অর্থাৎ ১২-০৫-২০১৬ খ্রিঃ তারিখ থেকে তাদেরকে সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে আত্তীকরণপূর্বক বেতন ভাতাদি পরিশোধ করতে হবে; এবং অনারারি/অবৈতনিক শিক্ষক হিসেবে কর্মকালকে (যোগদানের তারিখ) কেবলমাত্র পেনশন এবং অবসর সুবিধাদি প্রদানের জন্য গণনা করা হবে;

(২) 'সরকারি চাকরি আইন, ২০১৮' নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাদের জন্য প্রযোজ্য হবে;

(৩) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত ও ভবিষ্যতে প্রণীত বিধি-বিধান/আদেশ অনুসারে তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

(৪) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩ (১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন;

(৫) চাকরিতে যোগদানের পরবর্তী যে কোনো সময়ে তাঁর দাখিলকৃত শিক্ষগত যোগ্যতার সনদসহ অন্যান্য সনদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মিথ্যা প্রমাণিত হলে তিনি চাকরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত হবেন এবং সরকারি কোষাগার থেকে গৃহীত সকল অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন;

(৬) তাঁরা নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না মর্মে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে মুচলেকা যোগদানপত্রের সাথে জমা দিতে হবে;

(৭) তাঁদের জ্যেষ্ঠতা নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর উপবিধি-৪ এর ১(খ) অনুযায়ী নির্ধারিত হবে;

(৮) উল্লিখিত প্রার্থীদের আগামী ১৪-১২-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে;

(৯) প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষাপূর্বক চাকরিতে যোগদান করতে হবে;

(১০) প্রার্থীদের চাকরিতে যোগদানের পর বাধ্যতামূলকভাবে পুলিশ ভেরিফিকেশন করতে হবে;

(১১) চাকরিতে যোগদানের জন্য প্রার্থীগণ কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরিন পারভীন**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ মাঘ ১৪৩০/০১ ফেব্রুয়ারি ২০২৪

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৩.২৪.১৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চাঁচরা | ৬ | ১৯২৬ | ৩ | নড়াইল সদর | নড়াইল |
| ০২ | সীমাখালী | ৫১ | ৮১৬ | ২ | নড়াইল সদর | নড়াইল |
| ০৩ | সিমুলিয়া | ৯৪ | ১০২৪ | ২ | নড়াইল সদর | নড়াইল |
| ০৪ | শুলপুর | ১০৯ | ১৬৯১ | ৩ | নড়াইল সদর | নড়াইল |
| ০৫ | চান্দপুর বগুড়া | ১৭৮ | ২০৫২ | ৫ | নড়াইল সদর | নড়াইল |
| ০৬ | বাতাসি | ২৫ | ২১৭৯ | ৩ | লোহাগড়া | নড়াইল |
| ০৭ | বড়পা | ১৫৩ | ৭৩৮ | ২ | লোহাগড়া | নড়াইল |
| ০৮ | চরসিংগাঁতি | ১০৯ | ৫১৩ | ২ | কালিয়া | নড়াইল |
| ০৯ | চালমিঞা | ৪ | ১৮০১ | ৩ | মহম্মদপুর | মাগুরা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।